

# বাংলা, ইতিহাস ও দর্শন বিষয় বাতিলের খবর ভিত্তিহীন : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

প্রকাশ: ০৯ জুন, ২০২৬ ১৪:৫৩

---

---



বাংলা, ইতিহাস, দর্শন বিষয় বাতিলের খবর ভিত্তিহীন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আনম এহছানুল হক মিলন। মঙ্গলবার (৯ জুন) দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, ‘বাজারে যেসব বিষয়ে চাহিদা আছে, স্নাতক পর্যায়ে কারিকুলামে সেসব নিয়ে পর্যালোচনা চলছে। তবে বাংলা, ইতিহাস, দর্শন এসব বিষয় বাদ দেওয়া বা আসন সংখ্যা কমানো ইস্যুতে কোনো আলোচনা হয়নি।’

## আরো পড়ুন



সব বিভাগেই ঝরবে বৃষ্টি, কোথাও ভারি বর্ষণের শঙ্কা

এর আগে অনার্স (সম্মান) পর্যায়ে বাংলা, ইতিহাস ও দর্শন বিষয় বাতিল করা হচ্ছে বলে সামাজিক যোগাযোগমাধ্যমে তথ্য ছড়িয়ে পড়ে। পরে এ খবর ভিত্তিহীন বলে জানায় শিক্ষা মন্ত্রণালয়।

মন্ত্রণালয়ের দাবি, এ ধরনের কোনো সিদ্ধান্ত এখনও নেয়া হয়নি।

এ ছাড়া শিক্ষামন্ত্রীর একান্ত কর্মকর্তা নূরুল আফসার দীপু গণমাধ্যমকে, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত তথ্য সম্পূর্ণ ভিত্তিহীন ও বিভ্রান্তিকর। যে কোনো তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য জনগণের উচিত শিক্ষা মন্ত্রণালয় এবং সরকারের নির্ভরযোগ্য ও আনুষ্ঠানিক সূত্রের ওপর নির্ভর করা।